

# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ ডিসেম্বর ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

### পার্বত্য চট্টগ্রামে সুষ্ঠু নির্বাচনী পরিবেশ সৃষ্টির দাবি, পাহাড়ের তিন আসনে প্রার্থী না দিতে জাতীয় দলগুলোর প্রতি আহ্বান

প্রধান নির্বাচন কমিশন কর্তৃক ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণাকে স্বাগত জানিয়ে অবিলম্বে পার্বত্য চট্টগ্রামে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে ড. ইউনুস সরকার ও প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দীনের প্রতি আহ্বান জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ ১২ ডিসেম্বর ২০২৫ শুক্রবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে ইউপিডিএফের সভাপতি প্রসিত বিকাশ খীসা এই আহ্বান জানিয়ে বলেন, 'ইউপিডিএফ বরাবরই গণতান্ত্রিকভাবে পার্বত্য চট্টগ্রাম সমস্যার সমাধান প্রত্যাশা করে। শত দমন-পীড়ন, নানামুখী উচ্ছানি ও কর্মীবাহিনীর চাপের মুখেও সে কারণে ২৭ বছর ধরে নিয়মতান্ত্রিক পদ্ধতিতে এই অঞ্চলের জনগণের ন্যায্য দাবি আদায়ের সংগ্রাম চালিয়ে আসছে।'

একটি গণতান্ত্রিক দল হিসেবে ইউপিডিএফ ২০০১, ২০০৮, ২০১৪ ও ২০১৮ সালে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করেছে এবং একইভাবে আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনেও অংশ নেবে বলে তিনি জানান।

ইউপিডিএফ নেতা পার্বত্য চট্টগ্রামের পশ্চাদপদ পাহাড়ি জনগণের সমস্যা, আশা-আকাঙ্ক্ষা ও দাবি-দাওয়া তুলে ধরার জন্য জাতীয় সংসদে নিজেদের জাতিসত্তার লোকের প্রতিনিধিত্ব নিশ্চিত হওয়ার প্রয়োজনীয়তার ওপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করেন। জাতীয় সংসদে পাহাড়িদের জন্য 'সংরক্ষিত আসনের' দাবি পূরণ না হওয়া পর্যন্ত এই অঞ্চলের জনগণের স্বার্থ, অনুভূতি এবং সর্বোপরি পাহাড়িদের অস্তিত্বের সংকটাপন্ন দশা বিবেচনা করে পার্বত্য চট্টগ্রামের তিনটি সংসদীয় আসনে কোন পাহাড়ি কিংবা অপাহাড়ি প্রার্থী না দেয়ার জন্য বিএনপি, জামায়াতে ইসলামী ও এনসিপিসহ অন্যান্য সকল জাতীয় রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানান।


প্রসিত খীসা জাতীয় সংসদে পাহাড়ি জনগণের যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করতে ইউপিডিএফ-এর এই আহ্বানের প্রতি সমর্থন জানাতে পার্বত্য চট্টগ্রামের অন্যান্য রাজনৈতিক দল, সংগঠন, সুশীল সমাজসহ সকল মহলের প্রতি ঐকান্তিক অনুরোধ জানান।

একইসাথে তিনি আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে কোন জাতীয় রাজনৈতিক দলের সাথে জোট বা সমঝোতা না করতে পার্বত্য চট্টগ্রাম ভিত্তিক দলগুলোর প্রতিও আহ্বান জানিয়েছেন।

পার্বত্য চট্টগ্রামে সুষ্ঠু নির্বাচনী পরিবেশ সম্পর্কে প্রসিত খীসা বলেন, ‘পাহাড়ে এখনও সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের পরিবেশ সৃষ্টি হয়নি।’ তথাকথিত সন্ত্রাস দমনের অজুহাতে পাহাড়ীদের গ্রামে গ্রামে সামরিক অভিযানের নামে বাড়িঘরে তল্লাশী, স্কুল ভবন ও বিহার-উপাসনালয় দখল, নিরীহ লোকজনকে হয়রানি, নির্যাতন, আটক ও ভীতি প্রদর্শন এবং ইউপিডিএফসহ দেশের প্রধান দলগুলোকে গণতান্ত্রিক প্রক্রিয়ার বাইরে রেখে কখনই সুষ্ঠু নির্বাচনী পরিবেশ সৃষ্টি করা সম্ভব নয় বলে তিনি মন্তব্য করেন।

প্রসিত খীসা তাই সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের স্বার্থে অবিলম্বে সেনা অভিযান বন্ধ করে পাহাড়ে প্রকৃত গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টির জোর দাবি জানান।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।